দৈনিক
ইত্তেফাক


তারিখ ০2 OCT 2002
পৃষ্ঠা ৮ কলাম ৪

# স্কুলপড়ুয়া দুই কিশোর বানিয়েছে মিডিয়া প্লেয়ার

সৃষ্টির আনন্দ যে কতটা বেশি হতে পারে- তা বোঝা যায় যখন শিশুরা পর্যন্ত মেতে ওঠে তৈরিতে। এমনই এক তৈরির ঘটনা দেখিয়েছে মতিঝিল আইডিয়াল স্কুলের নবম শ্রেণীর দুই ছাত্র তাদের মিডিয়া প্লেয়ার তৈরীর মাধ্যমে। স্রেফ শখের বশে পল্লব মাহমুদ ও তার বন্ধু জুবায়ের কেওলিন তৈরি করেছে এই ক্ষুদে মিডিয়া প্লেয়ার।

তাদের ভাষায়, তারা এই মিডিয়া প্লেয়ার টাইনি মনস্টারটি তৈরি করেছে স্রেফ শখের বশে। ভিজ্যুয়াল বেসিক দিয়ে তৈরী করা ক্ষুদে এই প্রোগ্রামটির ইন্টারফেসও বেশ ক্ষুদে। তবে সফটওয়্যারটি তৈরীতে এটিকে আকর্ষণীয় করার জন্য মুন্সিয়ানার পরিচয় দিয়েছে এই ক্ষুদে প্রোগ্রামারদ্বয়। শুধু মিডিয়া প্লেয়ার নয় সাথে স্কিন মেকয়ও দিয়েছে তারা। ক্ষুদে প্রতিভা আমাদের দেশে যেমন কম নেই তেমনি এই সংখ্যা প্রচুরও নয়। তাই ক্ষুদে প্রোগ্রামারদের এই কৃতিত্ব আমাদের আশান্বিত করে। শুধু গেম খেলে ছবি এঁকে তারা তাদের কম্পিউটার ব্যবহার না করে আগ্রহী হয়েছে প্রোগ্রামিংয়ের প্রতি।

আর তাদের এই আগ্রহ তাদের নিয়ে গেছে একটি পূর্ণাঙ্গ সফটওয়্যার ডেভেলপমেন্টের দিকে। আমাদের দেশের সব ক্ষুদেরা যদি এইভাবে এগিয়ে আসে সার্থকভাবে কম্পিউটার ব্যবহারের প্রতি- তবে হয়ত আমরা আশা করতে পারি আমাদের পরবর্তী প্রজন্ম আমাদের উপহার দিবে সুন্দর ভবিষ্যৎ। উদাহরণ তো সামনেই রয়েছে পল্লব ও জুবায়ের। কোন প্রথিতযশা বিশ্ববিদ্যালয় কিংবা ট্রেনিং ইন্সটিটিউট নয়, স্রেফ বই পড়ে ও ইন্টারনেট ঘেঁটে তারা শিখেছে প্রোগ্রামিং। গেম খেলে ইন্টারনেট চ্যাট করে তারা তাদের সময় ও প্রতিভা নষ্ট করেনি। দেখে এটাই বোঝা যায় ইচ্ছা থাকলেও সঠিক দিক নির্দেশনা পেলে আমাদের তরুণরা কোথায় যেতে পারে। তাই আমাদের বড়দের উচিত এদেরকে সঠিক দিক নির্দেশনা দেবার। সময়টা বোধহয় এসে গেছে। সফটওয়্যারটি পেতে চাইলে http://tinymonetor.topcities.com-এ যেতে পারেন। ❑ তথ্যপ্রযুক্তি ডেস্ক


দুই কিশোর প্রোগ্রামার : পল্লব ও জুবায়ের –ছবি : জাহাঙ্গীর আলম জুয়েল

প্রযুক্তি | প্রজন্ম